

আমাদেরসময়

শিক্ষা প্রতিষ্ঠান খুলে দিতে আইনি নোটিশ

নিজস্ব প্রতিবেদক

১২ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ১২ জানুয়ারি ২০২১ ০০:২২

আমাদেরসময়

দেশের সব শিক্ষা-প্রতিষ্ঠানে ১৬ জানুয়ারির পর ছুটি আর না বাড়িয়ে খুলে দিতে সরকারকে আইনি নোটিশ দেওয়া হয়েছে। গতকাল সোমবার শিক্ষা সচিব ও শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের বরাবর এ নোটিশ পাঠানো হয়েছে। ভাওয়াল মির্জাপুর পাবলিক স্কুল অ্যান্ড কলেজের প্রিস্কুল মো. আব্দুল কাইয়ুম সরকারের পক্ষে সুপ্রিমকোর্টের আইনজীবী ফার্মক আলমগীর চৌধুরী এ নোটিশ পাঠান। নোটিশে বলা হয়, কোভিড-১৯ এর কারণে ২০২০ সালের ১৭ মার্চ থেকে এখন পর্যন্ত বন্ধ রয়েছে। এর মধ্যে মোট ১১ বার স্কুল বন্ধের তারিখ বাঢ়ানো হয়েছে। সর্বশেষ ২০ ডিসেম্বর সময় বাঢ়ানো হয়। তখন ১৬ জানুয়ারি পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের মেয়াদ বাঢ়ানো হয়। তাই ১৬ জানুয়ারি আর মেয়াদ বৃদ্ধি না করতে নোটিশে অনুরোধ করা হয়েছে। না হলে শিক্ষার্থীরা অপূরণীয় ক্ষতির সমুদ্রে পড়ে যাবে। এতে আরও বলা হয়েছে, দীর্ঘদিন শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষার্থীদের ওপর বিরূপ প্রভাব পড়ছে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষার্থীরা এ সময় বাইরে ঘোরাঘুরি করছে, টিভি দেখে সময় ব্যয় করছে। এছাড়া মোবাইল ব্যবহার করে খারাপ অভ্যাস হয়ে যাচ্ছে বলেও নোটিশে উল্লেখ করা হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

আমাদেরসময়

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

[Privacy Policy](#)